যুগান্তর

তারিখ ০৩ 3 AUG 2013
পৃষ্ঠা ৩ কলাম ৬

# মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা আগের নিয়মেই

বদরুদ্দোজা সুমন

চিকিৎসা শিক্ষায় প্রথম বর্ষে ভর্তিতে এবার পূর্বের নিয়মই বহাল থাকছে। এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী বাছাইয়ে যথারীতি এমসিকিউ পদ্ধতির ভর্তি পরীক্ষা এবং দুই পাবলিক পরীক্ষায় শিক্ষার্থীদের অর্জিত জিপিএ ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে। আর এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর স্বাস্থ্য অধিদফতর শিগগিরই ভর্তি পরীক্ষা নেয়ার প্রক্রিয়া শুরু করবে। তবে কয়েকদিন আগে হাইকোর্টে একটি পিটিশনের পরিপ্রেক্ষিতে রুল জারি হওয়ায় কিছুটা অস্বস্তিতে পড়েছেন সরকারি কর্মকর্তারা। অবশ্য স্বাস্থ্য অধিদফতর সূত্রগুলো যুগান্তরকে বলেছে, ভর্তি পদ্ধতি ইস্যুতে সরকার পক্ষের অবস্থান ও কাগজপত্র অনুকূলে আছে। তাই শিক্ষার্থীদের উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। দেশের সব মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে ২০১১ সালে সর্বশেষ একটি ভর্তি নীতিমালা হালনাগাদ করেছে স্বাস্থ্য অধিদফতর। এই নীতিমালা প্রণয়নে সংশ্লিষ্ট সবার মতামত নেয়া হয়েছিল। এটির ভিত্তিতে পরপর দুই শিক্ষাবর্ষে সুষ্ঠুভাবে শিক্ষার্থী ভর্তি করানো হয়েছে।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান যুগান্তরকে বলেন, ভর্তি নীতিমালা অনুসরণ এবং ভর্তি প্রক্রিয়া পরিচালনার ক্ষেত্রে সরকারপক্ষের কোন ত্রুটি নেই। রুলের কাগজ

নিয়মেই : পৃষ্ঠা ৭ : কলাম ৬

## নিয়মেই : ভর্তি পরীক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

এখনও হাতে পাইনি। সরকারপক্ষের জবাব আদালতে নথিপত্রসহ উপস্থাপন করা হবে। চূড়ান্ত রায় সরকারের পক্ষেই আসবে— এ ব্যাপারে আমরা শতভাগ আশাবাদী।

জানা গেছে, হাইকোর্টের একজন আইনজীবী কয়েকদিন আগে ২১নং ... মেডিকেল ও ডেন্টালে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে একটি পিটিশন দায়ের করেন। পিটিশনে তিনি দাবি করেন, ২০১১ সালে প্রণীত ভর্তি নীতিমালা ত্রুটিপূর্ণ। সেটি জাতীয় শিক্ষানীতির সঙ্গে সাংঘর্ষিক। এর পরিপ্রেক্ষিতে হাইকোর্ট ভর্তি নীতিমালা কেন অবৈধ হবে না— তা চার সপ্তাহের মধ্যে জানাতে স্বাস্থ্য মন্ত্রণালয় ও অধিদফতরকে নির্দেশ দেন। এ ব্যাপারে জানতে চাইলে স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা যুগান্তরকে বলেছেন, স্বাস্থ্যমন্ত্রী ডা. আ ফ ম রুহল হক সরকারি সফরে বিদেশে রয়েছেন। গতকালই (শুক্রবার) তার দেশে ফেরার কথা। মন্ত্রীর সঙ্গে আলোচনা করে আদালতে সরকারপক্ষের জবাব উপস্থাপন করা হবে। এদিকে এইচএসসি পরীক্ষা শেষ করে ভর্তি পরীক্ষার প্রস্তুতি নিতে থাকা শিক্ষার্থীরা বর্তমান প্রেক্ষাপটে পুনরায় দুশ্চিন্তায় পড়েছেন। ইতিপূর্বে স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তারা গণমাধ্যমকে বলেছেন, এইচএসসি পরীক্ষা শেষে অন্যান্য বছরের চেয়েও দ্রুততম সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সরকারি কর্মকর্তাদের কথাবার্তা বেশ ইতিবাচক হলেও সংশ্লিষ্টদের আশংকা, ভর্তি পরীক্ষা গ্রহণের কাজ পিছিয়ে যেতে পারে।

অধ্যাপক এবিএম আবদুল হান্নান যুগান্তরকে বলেন, শিক্ষার্থীদের আগের নিয়মেই পরীক্ষার প্রস্তুতি নিতে বলা হবে। আদালতে রিট, সরকারের জবাব— এসব প্রক্রিয়ার মধ্যেও শিক্ষার্থীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে সব পক্ষের নজর দেয়া উচিত। আমরা আদালতের নির্দেশনার অপেক্ষায় থাকব এবং তা অবশ্যই মেনে চলব।

স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র জানায়, ২৪ জুলাই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (চিপি ও উন্নয়ন) আইয়ুবুর রহমানের সভাপতিত্বে ভর্তি প্রক্রিয়া নিয়ে প্রাথমিক আলোচনা করেন সংশ্লিষ্টরা। সেখানে বিদ্যমান পদ্ধতিতে ভর্তির প্রস্তুতি নিয়ে কথা বলেছেন কর্মকর্তারা।